

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৪.১৭. ১৬৩৭

তারিখ: ০৪/০১/২০১৮

বিষয়: বাংলাদেশ বেতার খুলনা কেন্দ্র থেকে 'উন্নয়ন মেলা ২০১৮'- এর অনুষ্ঠান এফ.এম. ৯০.০ মেগাহার্জে সরাসরি সম্প্রচার।

সূত্র: বাংলাদেশ বেতার খুলনা কেন্দ্রের ০৩/০১/২০১৮খি: তারিখের পত্র নং ১৫.৫৩.৪৭০০.১০৬.৯৪.০০৪.১৭.০৪।

- উপর্যুক্ত বিষয় ও সূত্রালোকে আগামী ১১/০১/২০১৮ থেকে ১৩/০১/২০১৮খি: তারিখ পর্যন্ত খুলনা সার্কিট হাউস প্রাঙ্গণে আয়োজিত 'উন্নয়ন মেলা ২০১৮' এর উদ্বোধন ও সমাপন অনুষ্ঠানসহ মেলা চলাকালীন অনুষ্ঠান প্রতিদিন বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত ওবি ভ্যানের মাধ্যমে বাংলাদেশ বেতার খুলনা কেন্দ্র থেকে এফ.এম. ৯০.০ মেগাহার্জে প্রচার হবে।
- ২। অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটারটি চালু না থাকলে অনুষ্ঠান শুরু ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।
 - ৩। উল্লিখিত অনুষ্ঠান সরাসরি সম্প্রচারকালীন খুলনা কেন্দ্রের এফ.এম ৯০.০ মেগাহার্জে ঢাকা কেন্দ্র থেকে রীলেকৃত বিনোদনমূলক অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে।
 - ৪। উল্লিখিত অনুষ্ঠান খুলনা সার্কিট হাউজ প্রাঙ্গণ থেকে সরাসরি সম্প্রচারের জন্য আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার খুলনা যাবতীয় প্রকৌশল ব্যবস্থা গ্রহণ করবেন।
 - ৫। অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারের বিষয়ে শ্রোতাদের পূর্বাঙ্কে অবহিত করার জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার খুলনা উল্লিখিত অনুষ্ঠান সম্পর্কিত ঘোষণা ও প্রমো প্রচার এবং খুলনা কেন্দ্রের ফেইসবুক পেইজ-এ সংক্রান্ত পোস্ট প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
 - ৬। উক্ত অনুষ্ঠানে ফিলার প্রচারের প্রয়োজন হলে সেক্ষেত্রে অনুমোদিত সংগীত/গানের তালিকা অনুসরণের জন্য সংশ্লিষ্ট কেন্দ্রের উপস্থাপনা শাখাকে নির্দেশনা প্রদান করা হলো।
 - ৭। অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার খুলনা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাঙ্কে দায়িত্ব অর্পণ এবং অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধান করবেন।
 - ৮। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার খুলনা উক্ত অনুষ্ঠানের প্রতিবেদন স্থানীয় সংবাদে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
 - ৯। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার খুলনা-পূর্বাঙ্কে এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
 - ১০। উক্ত অনুষ্ঠান সুষ্ঠুভাবে প্রচারের লক্ষে অনুষ্ঠান শুরুর ২ ঘণ্টা পূর্বে খুলনাস্থ সার্কিট হাউস প্রাঙ্গণে উপস্থিত থেকে সরাসরি সম্প্রচারের সকল প্রস্তুতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ বেতার খুলনা কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের অনুরোধ করা হলো।



(সলাইউদ্দিন আহম্মদ)
উপ-মহাপরিচালক, অনুষ্ঠান
ফোন: ০২-৪৪৮১৩০৬৭
মহাপরিচালকের পক্ষে।

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। প্রধান প্রকৌশলী/উপ-মহাপরিচালক, বার্তা, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ২। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, সদর দপ্তর ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ জানানো হলো)।
- ৩। আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার খুলনা।
- ৪। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার খুলনা।

অনুলিপি: অবগতিকল্পে-

মহাপরিচালকের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।